

ভর্তি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ভর্তি বিজ্ঞপ্তি, আবেদন শুরু ২৭ নভেম্বর, দ্বিতীয়বারের সুযোগ

প্রতিনিধি কুমিল্লা

প্রকাশ: ২৬ নভেম্বর ২০২৫, ১৩: ৪৭



X

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে দ্বিতীয়বার পরীক্ষা দেওয়ার সুযোগ পাবেন শিক্ষার্থীরা। প্রথম আলো ফাইল ছবি

গুচ্ছ ভর্তি পদ্ধতি থেকে বের হয়ে দ্বিতীয়বারের মতো স্বতন্ত্রভাবে ভর্তি পরীক্ষা নিতে যাচ্ছে কুমিল্লা বিশ্ববিদ্যালয়। এরই মধ্যে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

বিজ্ঞপ্তি অনুযায়ী ভর্তির আবেদনপ্রক্রিয়া শুরু হবে আগামীকাল বৃহস্পতিবার (২৭ নভেম্বর)। আবেদনের সুযোগ আগামী ১৭ ডিসেম্বর পর্যন্ত। আবেদন ফি নির্ধারণ করা হয়েছে এক হাজার টাকা। এ ছাড়া দ্বিতীয়বার পরীক্ষা

দেওয়ার সুযোগ পাবেন শিক্ষার্থীরা। ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীদের সুবিধার্থে কুমিল্লার পাশাপাশি এবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ে কেন্দ্র রাখা হয়েছে।

গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) ও কেন্দ্রীয় ভর্তি পরীক্ষার সদস্যসচিব অধ্যাপক মোহাম্মদ আনোয়ার হোসেন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তি থেকে এসব তথ্য জানা গেছে।

আবেদনের যোগ্যতা

- বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে, ২০২৪ ও ২০২৫ সালে অনুষ্ঠিত উচ্চমাধ্যমিক ও সমমানের পরীক্ষায় এবং ২০২১, ২০২২ ও ২০২৩ সালে অনুষ্ঠিত মাধ্যমিক ও সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীরা আবেদন করতে পারবেন।
- ‘এ’ ইউনিটে (বিজ্ঞান ও প্রকৌশল অনুষ্ঠান) এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) মোট জিপিএ ন্যূনতম ৭.০০ এবং পৃথকভাবে জিপিএ-৩.০০ থাকতে হবে।
- ‘বি’ ইউনিটে (কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান এবং আইন অনুষ্ঠান) এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষায় মানবিক শাখায় মোট জিপিএ-৬.০০, বিজ্ঞান শাখায় ৬.৫০ ও ব্যবসায় শিক্ষা শাখায় ৬.০০ থাকতে হবে।
- ‘সি’ ইউনিটে (ব্যবসায় শিক্ষা অনুষ্ঠান) ব্যবসায় শিক্ষা শাখায় ন্যূনতম জিপিএ-৬.০০ এবং বিজ্ঞান ও মানবিক শাখায় যথাক্রমে ৬.৫০ ও ৬.০০ থাকতে হবে।
- এ ছাড়া ‘ও’ লেভেলে পাঁচটি এবং ‘এ’ লেভেলে ন্যূনতম দুটি বিষয়ে উত্তীর্ণ হতে হবে এবং উভয় লেভেলের মোট সাতটি বিষয়ের মধ্যে চারটি বিষয়ে কমপক্ষে ‘বি’ গ্রেড প্রাপ্ত হতে হবে।
- পাশাপাশি সব ইউনিটের আবেদনকারীকে এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ (চতুর্থ বিষয়সহ) ৩.০০ থাকতে হবে এবং ইংরেজি মাধ্যমে পরীক্ষা দিতে ইচ্ছুক পরীক্ষার্থীদের অনলাইন আবেদনপত্রে অপশন সিলেক্ট করতে হবে।

ভর্তি পরীক্ষা করবে

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ‘এ’ ইউনিটের ভর্তি পরীক্ষা নতুন বছর ২০২৬-এর ৩০ জানুয়ারি এবং ‘বি’ এবং ‘সি’ ইউনিটের ভর্তি পরীক্ষা ৩১ জানুয়ারি অনুষ্ঠিত হবে। ‘এ’ ইউনিট ও ‘বি’ ইউনিটের পরীক্ষা বেলা ১১টায় এবং ‘সি’ ইউনিটের পরীক্ষা বেলা তিনটায় অনুষ্ঠিত হবে।

বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, করোনা মহামারির সময় বিশ্ববিদ্যালয় মঞ্চুরি কমিশনের (ইউজিসি) নির্দেশনায় ২০২০-২১ শিক্ষাবর্ষ থেকে গুচ্ছ পদ্ধতির মাধ্যমে কুমিল্লা বিশ্ববিদ্যালয় স্নাতক প্রথম বর্ষে শিক্ষার্থী ভর্তি শুরু করে। এক বছর পর থেকে বিষয়টিতে বিভিন্ন আপত্তি আসতে শুরু করে। সর্বশেষ গুচ্ছ পদ্ধতি থেকে বের হয়ে স্বতন্ত্র

পদ্ধতিতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ‘এ’ এবং ‘সি’ ইউনিটের ভর্তি পরীক্ষা চলতি বছরের ১৯ এপ্রিল এবং ‘বি’ ইউনিটের ভর্তি পরীক্ষা ২৫ এপ্রিল অনুষ্ঠিত হয়।

**কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের [ওয়েবসাইটে](#) ভর্তি-সংক্রান্ত সব তথ্য প্রকাশ করা হবে।

